

## নৈতিকতা কমিটির মাসিক সভার প্রতিবেদন

বিষয়	: “সেবা সপ্তাহ উদযাপন কর্মকৌশল” সংক্রান্ত
সময়	: সকাল ২:০০ থেকে ৩:০০ ঘটিকা পর্যন্ত
তারিখ	: ৩১/০৩/২০২১ খ্রিঃ
সভাপতি	: সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট আঞ্চলিক অফিস, সিলেট


উপস্থিতির তালিকা ‘ক’ তে সংযুক্ত করা হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এর কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং কেন্দ্রীয় দপ্তরের ১৮/০৩/২০২১ ইং তারিখের নৈতিকতা সভার কতিপয় সিদ্ধান্ত সম্পর্কে সভাকে জানান। তিনি উল্লেখ করেন যে, গত ১৮/০৩/২০২১ ইং তারিখে কেন্দ্রীয় দপ্তরের নৈতিকতা কমিটির দেয়া নির্দেশনা অনুসারে সিলেট আঞ্চলিক অফিসে সুন্দরভাবে ২১-২৫ মার্চ ২০২১ সেবা সপ্তাহ উদযাপিত হয়েছে। সুন্দরভাবে সেবা সপ্তাহ উদযাপনের জন্য তিনি সকলকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি সভাকে সেবা সপ্তাহ উদযাপনে নিম্ন-লিখিত কৌশলসমূহ অনুসরণ করা হয়েছে বলে জানানঃ





- ১। তথ্য বাতায়নে নোটিশ করা; জেলা প্রশাসককে অবহিতকরণ; সেবা সপ্তাহের পোষ্টার দপ্তরের সিড়িতে স্থাপন; দপ্তরের সাইন বোর্ড লাগানো; ব্যানার টানানো এবং মাষ্টার প্ল্যান সম্পর্কে তথ্য প্রদান।
- ২। সিলেট আঞ্চলিক অফিসের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণ।
- ৩। মাষ্টার প্ল্যান পাওয়ার পদ্ধতি।
- ৪। তথ্য বাতায়নের সিলেট আঞ্চলিক অফিসের ওয়েবসাইট প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শনী।
- ৫। আপ্যায়ন ব্যবস্থা।
- ৬। সিলেট আঞ্চলিক অফিসের বিভিন্ন কার্যক্রমের প্রমাণক যেমন: গেজেটেড মাষ্টার প্ল্যান, আশির দশকে প্রণীত মাষ্টার প্ল্যান, লিফলেট, বুশিয়ার, গবেষণা পত্র ইত্যাদি সিনিয়র প্ল্যানার এর কক্ষ টেবিলের উপরে প্রদর্শন।
- ৭। সেবা সপ্তাহে আগত দর্শনার্থীদের মাষ্টার প্ল্যান সম্পর্কে ধারণা দেয়া এবং
- ৮। যাবতীয় কার্যক্রম ফেইসবুক পেইজ এবং তথ্য বাতায়নের ফটো গ্যালারিতে আপলোড করা ইত্যাদি।

একই কৌশল ভবিষ্যতের সেবা সপ্তাহ উদযাপনে ব্যবহৃত হতে পারে বলে সভাপতি সভাকে জানান এবং সকলে এতে একমত হন।

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(শাহীন আহম্মেদ) 31/03/2021  
সিনিয়র প্ল্যানার  
নগর উন্নয়ন অধিদপ্তর  
সিলেট আঞ্চলিক অফিস, সিলেট  
ফোনঃ ০৮২১-৭২৯০৮৯

## ৩১/০৩/২০২১ তারিখে নৈতিকতা কমিটির মাসিক সভায় উপস্থিতির তালিকা

ক্র: নং:	কর্মকর্তা/কর্মচারীর নাম	পদবী	স্বাক্ষর ও তারিখ
১	জনাব শাহীন আহম্মেদ	সিনিয়র প্ল্যানার ও সভাপতি, নৈতিকতা কমিটি	 ৩১/০৩/২০২১
২	জনাব বাদশা মিয়া	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাস্বাক্ষরিক	 ৩১/০৩/২০২১
৩	জনাব মো: নুরুজ্জামান ভূইয়া	রেখাকার ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি	 ৩১/০৩/২০২১
৪	জনাব মো: রুবেল হোসেন	সার্ভেয়ার	 ৩১/০৩/২০২১
৫	জনাব আমির হামজা	খালাসী	